



MEMORANDUM OF UNDERSTANDING

between

Bangladesh Accreditation Council, Bangladesh

And

the Asia-Pacific Quality Network, China

The Asia-Pacific Quality Network (APQN): এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের উচ্চ শিক্ষার ক্ষেত্রে সর্ববৃহৎ কোয়ালিটি অ্যাসুরেন্স নেটওয়ার্ক Asia-Pacific Quality Network (APQN), যা ২০০৩ সালে প্রতিষ্ঠিত হয়। APQN একটি বেসরকারী এবং অলাভজনক নেটওয়ার্ক, যারা গত ২০ বছর ধরে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে উচ্চ শিক্ষার মান উন্নয়নে কাজ করে যাচ্ছে। বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ২০১৯ সাল থেকে APQN এর ইন্টারমিডিয়েট সদস্য।

Memorandum of Understanding (MoU): গত ০৪ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল এবং APQN এর মধ্যে একটি Memorandum of Understanding (MoU) বা সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পক্ষে চেয়ারম্যান Professor Dr. Mesbahuddin Ahmed এবং APQN এর পক্ষে Vice President Dr. Galina Motova (Russia) সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। সমঝোতা স্মারকের মাধ্যমে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সক্ষমতা বৃদ্ধি পাবে এবং কাউন্সিলের কার্যক্রম পরিচালনা ও আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন সহজতর হবে। স্বাক্ষরিত সমঝোতা স্মারকে সুনির্দিষ্টভাবে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে নিধারণ করা হয়েছে:

- উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের মূল্যায়ন এবং স্বীকৃতির ক্ষেত্রে অভিজ্ঞতা অর্জন।
- নির্বাচিত কোয়ালিটি অ্যাসুরেন্স (কিউএ) প্রফেশনালস্ বিনিময় এবং তাঁদের প্রশিক্ষণ।
- কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশনের চ্যালেঞ্জ ও সম্ভাবনার বিষয়ে অভিজ্ঞতা বিনিময়ের জন্য সংস্থা প্রতিনিধিগণের APQN ও BAC কার্যালয় সফরের ব্যবস্থাকরণ।
- APQN এর কোয়ালিটি অ্যাসুরেন্স ও এর উন্নয়নে অংশগ্রহণের সুযোগ সৃষ্টিকরণ।
- পরস্পরের কোয়ালিটি অ্যাসুরেন্স প্রক্রিয়াগুলো পর্যবেক্ষণ এবং গুণমান উন্নয়ন কার্যক্রম গ্রহণের লক্ষ্যে ওয়ার্কশপ আয়োজন।
- উচ্চ শিক্ষার গুণমান নিশ্চিতকরণ, উন্নয়ন এবং স্বীকৃতি সম্পর্কিত বিষয়ে তথ্য এবং মত বিনিময়।
- বাংলাদেশে উচ্চ শিক্ষার গুণমান নিশ্চিতকরণ, উন্নয়ন এবং স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে APQN কর্তৃক কারিগরি সহায়তা প্রদান।
- বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল কর্তৃক প্রদত্ত মানের নিশ্চয়তা, উন্নয়ন এবং স্বীকৃতি সংক্রান্ত বিষয়ে আন্তর্জাতিক সম্মেলন/সেমিনার আয়োজনে সহায়তা প্রদান।
- BAC এবং APQNQL (APQN কোয়ালিটি লেবেল) দ্বারা যৌথ স্বীকৃতির সম্ভাবনা অন্বেষণকরণ।